তারিখ: ০৩.১১.২০১৫

বার্তা সম্পাদক সমীপে
সংবাদপত্রে প্রকাশার্থে
দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক/বিটিভি/চ্যানেল আই/বাসস/ইউএনবি/বিবিসি বাংলাদেশ/ভয়েস অব আমেরিকা/
তারা বাংলা/বাংলাদেশ বেতার/এনটিভি/এটিএন বাংলা।

বিষয়: গোপালগঞ্জ জেলার মুকসুদপুর উপজেলায় যৌতুকের দাবীতে স্বামী ও তার স্বজনদের কর্তৃক গৃহবধূকে পুড়িয়ে হত্যার ঘটনায় তীব্র নিন্দা, গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে ঘটনার সাথে জড়িতদের দ্রুত গ্রেফতার, ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণসহ জড়িতদের যথাযথ শাস্তি নিশ্চিতকরণ এবং নির্যাতনের শিকার গৃহবধূর পরিবারের সদস্যদের নিরাপত্তার বিষয়ে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ০৩.১১.২০১৫ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানতে পারি যে গোপালগঞ্জ জেলার মুকসুদপুর উপজেলার ঘেতুয়াগ্রামে যৌতুকের দাবীতে স্বামী ও তার স্বজনদের কর্তৃক গৃহবধূকে পুড়িয়ে হত্যার ঘটনা ঘটেছে। জানা যায়, নির্যাতনের শিকার গৃহবধূর সাথে এক বছর আগে উলি- খিত এলাকার আহাদ হোসেনের ছেলে দুবাই প্রবাসী রাকিব হোসেনের বিয়ে হয়। বিয়ের এক মাস পরেই রাকিব দুবাই থেকে চলে আসে এবং পুণরায় দুবাই যাবার খরচ হিসাবে তিন লাখ টাকা দেওয়ার জন্য নির্যাতনের শিকার গৃহবধূকে রাকিব ও তার স্বজনরা চাপ দিতে থাকে। এ নিয়ে উক্ত গৃহবধূকে তার স্বামী মাঝেমাঝেই মারধোর করত। তার জের ধরে রাকিব ও তার স্বজনরা উক্ত গৃহবধূকে গত ২৪.১০.২০১৫ তারিখ গায়ে কেরোসিন ঢেলে আগুন ধরিয়ে দেয়। পরবর্তীতে গুরুতর আহত অবস্থায় নির্যাতনের শিকার উক্ত গৃহবধূকে চিকিৎসার জন্য প্রথমে মুকসুদপুর স্বাস্থ্য কমপেণ্ডক্সে এবং পরে ঢাকা মেডিকেল কলেজের বার্ন ইউনিটে ভর্তি করা হয়। গত ০১.১১.১৫ তারিখ নির্যাতনের শিকার গৃহবধূর চিকিৎসারত অবস্থায় মৃত্যু হয়।

বাংলাদেশ মহিলা পরিষদ যৌতুকের দাবীতে স্বামী ও তার স্বজনদের কর্তৃক গৃহবধূকে পুড়িয়ে হত্যার ঘটনায় তীব্র নিন্দা, গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করছে। ঘটনার সাথে জড়িতদের দ্রুত গ্রেফতার, দায়েরকৃত মামলার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ড় সাপেক্ষে জড়িতদের যথাযথ শাস্তি নিশ্চিতকরণ এবং নির্যাতনের শিকার পরিবারের নিরাপত্তা নিশ্চিতকরণসহ যৌতুক নিরোধ আইন যুগোপযোগী করার দাবি জানাচ্ছে। সেইসাথে পারিবারিক সহিংসতা প্রতিরোধ আইনের বাস্তবায়ন এবং ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংশিণ্টষ্ট মন্ত্রণালয়সহ প্রশাসনের নিকট দাবি জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

আয়শা খানম
সভাপতি
বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু
সাধারণ সম্পাদক
বাংলাদেশ মহিলা পরিষদ